দৈনিক ইত্তেফাক

তারিখ 10 FEB 2016
পৃষ্ঠা 2 কলাম 2

# ছাত্রদলের দু'গ্রুপের দখল পাল্টা দখলে নয়াপল্টন থমথমে

## ককটেল বিস্ফোরণ

■ ইত্তেফাক রিপোর্ট

ছাত্রদলের দুই গ্রুপের দখল পাল্টা দখলকে কেন্দ্র করে রাজধানীর নয়াপল্টন কেন্দ্রীয় কার্যালয়ের সামনে গতকাল মঙ্গলবার থমথমে পরিস্থিতি বিরাজ করে। সন্ধ্যা ৭টায় একটি ককটেল বিস্ফোরণের ঘটনা ঘটলে এলাকায় আতংক ছড়িয়ে পড়ে। এ ঘটনায় কেউ হতাহত হয়নি। পুলিশও কাউকে গ্রেপ্তার করতে পারেনি। এর আগে বিকেল ৪টায় ছাত্রদলের বিদ্রোহীরা নয়াপল্টন কার্যালয়ের সামনে অবস্থান নিয়ে সংক্ষিপ্ত সমাবেশ করে। তবে এ সময় কোনো অপ্রীতিকর ঘটনা ঘটেনি। পরে বিদ্রোহীরা চলে যাওয়ার পর ছাত্রদলের নবগঠিত বিভিন্ন ইউনিটের নেতারা কার্যালয়ের সামনে এসে অবস্থান নিয়ে স্লোগান দেয়।

জানা গেছে, বিক্ষোভে পরিচিত নেতাদের না দেখা গেলেও সহ-সভাপতি পৃষ্ঠা ১৯ কলাম ৭

## ছাত্রদলের দু'গ্রুপের

প্রথম পৃষ্ঠার পর

রাকিবুল ইসলাম রয়েল, সাংগঠনিক সম্পাদক ইসহাক সরকারের অনুসারীরা বর্তমান কমিটির বিরুদ্ধে বিদ্রোহ করছেন।

এদিকে ছাত্রদলের কমিটিতে প্রত্যাশীত পদ না পাওয়াসহ নানা অভিযোগে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে ভাঙচুর ও অগ্নিসংযোগ করার ঘটনায় অসন্তোষ প্রকাশ করেছেন বেগম খালেদা জিয়া। ঐ বিদ্রোহীরা সোমবার দলটির প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের ম্যুরাল ভাঙচুর, চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার ছবিতে আগুন ও ছাত্রদল কেন্দ্রীয় কার্যালয়ে অগ্নিসংযোগ করে।